

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক- ৪৭.৬২.০০.০০.৯৭০.০০.৮৮০.১২- ২৮৭

তারিখঃ ০৭/০৪/২০১৯খ্রিঃ

বিষয়ঃ প্রকল্পের ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষার জন্য প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের এজি কর্তৃক নিরীক্ষা আরম্ভ হয়েছে যা ১৮-০৪-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত চলমান থাকবে। প্রকল্পের আওতাধীন উপজেলা ও জেলা দপ্তরের নিরীক্ষা কার্যক্রমের জন্য সংযুক্ত ছক মোতাবেক একটি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। প্রতিবেদন নির্দেশনা অনুসরণে প্রস্তুত পূর্বক ইমেইলে ০৯-০৪-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৩। উপজেলা ও জেলা দপ্তরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার জন্য বর্ণিত তারিখের মধ্যে যে কোন দিন প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হবে। তাই টেলিফোনে অবহিত করণের তারিখে নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র নিয়ে প্রকল্প সদর দপ্তরে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

(মোহাম্মদ আতিকুর রহমান)
উপপ্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোনঃ-০২-৮১৮০১৪৩

১। উপপরিচালক, জেলা দপ্তর.....জেলা।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা.....উপজেলা.....জেলা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরিচালক (অর্থ/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (IRESPPW), বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগামার (IRESPPW), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সংশ্লিষ্ট/অফিস কপি।

প্রতিবেদন প্রস্তুতের সময় বিবেচনায় আনতে হবে

১। ৩০ জুন, ২০১৭ খ্রিঃ এবং ৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখে হিসাবান্তে আগত তহবিল ও মজুদ তহবিল ২টি ক্যাশ বহির স্থিতির সাথে মিল থাকবে। একই সাথে ব্যাংক স্টেটমেন্টের সাথে মিল থাকবে। এক্ষেত্রে Bank Reconciliation করতে হবে। ০১-০৭-২০১৬ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৮ খ্রিঃ পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট দাখিল করতে হবে।

২। হিসাবান্তে মজুদ তহবিলের যে পরিমাণ অর্থ ব্যালেন্স আকারে থাকবে তার ব্যাখ্যা দেয়ার প্রয়োজন হবে। তাই এক্ষেত্রে নিম্নোক্ত উদাহরণটির অনুসরণে ব্যাখ্যা দেয়া যেতে পারে।

৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখে ০২টি ক্যাশ বহির হিসাবান্তে মজুদ তহবিল = ২০,২৭,৫০০/-

যার মধ্যে চেক ইস্যু করা হয়েছে কিন্তু নগদায়ন হয়নি (০৩টি চেক) = ৩৫,০০০/-

সঞ্চয় আমানত তহবিল = ১১,২৭,৫০০/-

ঋণ ও সার্ভিস চার্জের তহবিল = ৮,৬৫,০০০/-

মোট = ২০,২৭,৫০০/-

৩। যে কোন প্রয়োজনে মোঃ তারিকুল ইসলাম, হিসাব রক্ষক, মোবাইল নং ০১৯৫৫- ৫০৯৯২১; সহকারী পরিচালক (হিসাব) মোবাইল নং ০১৭৫১-৩৭৬৮৪৪ এ যোগাযোগ করে তাৎক্ষনিক প্রতিবেদন তৈরি করে ই-মেইল যোগে প্রেরণ করতে হবে।